যে ব্যক্তি তীর নিক্ষেপের জ্ঞান অর্জন করল, তারপর সে তা পরিত্যাগ করল, সে আমাদের দলভুক্ত নয় অথবা সে অবাধ্য হলো।

উকবা ইবন আমের রাদিয়াল্লাহু ‘আনহু কর্তৃক মারফু‘ হিসেবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত,“যে ব্যক্তি তীর নিক্ষেপের জ্ঞান অর্জন করল, তারপর
সে তা পরিত্যাগ করল, সে আমাদের দলভুক্ত নয় অথবা সে অবাধ্যতা করল।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

যে ব্যক্তি আল্লাহর রাস্তায় তীর নিক্ষেপ করা যেমন বর্তমান সময়ে বন্দুক মারা ইত্যাদি শিখে ভুলে না যাওয়া পর্যন্ত এর চর্চা করা ছেড়ে দিল, সে নিজেকে পাপের বশবর্তী করল এবং রাসূলের আদর্শ থেকে দূরে ঠেলে দিল; তবে এ দ্বারা এ উদ্দেশ্য নয় যে, সে কাফির হয়ে গেল।

https://sunnah.global/hadeeth/bn/show/6401